



## বি-আর পাওয়ারজেন লিমিটেড

ঢাকা স্কয়ার, বাড়ী নং-০১, রোড নং-১৩, সেক্টর -০১  
উত্তরা মডেল টাউন, ঢাকা -১২৩০।



### প্রশিক্ষণ বিজ্ঞপ্তি

বি-আর পাওয়ারজেন লিমিটেড একটি সরকারী বিদ্যুৎ উৎপাদনকারী প্রতিষ্ঠান। বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের বিদ্যুৎ বিভাগের নির্দেশনা অনুযায়ী বৈদ্যুতিক কর্মপেশায় দক্ষ জনবল সৃষ্টির লক্ষ্যে অত্র কোম্পানী কর্তৃক “রেগুলার ইলেকট্রিশিয়ান কোর্স”- শীর্ষক প্রশিক্ষণ কার্যক্রম গ্রহণ করা হয়েছে।

বাংলাদেশের প্রকৃত নাগরিকদের মধ্য হতে উক্ত প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করতে ইচ্ছুক প্রার্থীগণকে **ব্যবস্থাপনা পরিচালক, বি-আর পাওয়ারজেন লিমিটেড, ঢাকা স্কয়ার, বাড়ী নং- ০১, রোড নং-১৩, সেক্টর-০১, উত্তরা, ঢাকা-১২৩০** -বরাবর নিম্নোক্ত তথ্যাদি উল্লেখপূর্বক লিখিত আবেদনপত্র আগামী **২৫/০৩/২০২০ খ্রিঃ** তারিখের মধ্যে ডাকযোগে/কুরিয়ার/সরাসরি প্রেরণ করতে হবে:-

(ক) প্রার্থীর নাম (খ) পিতার নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা (চ) শিক্ষাগত যোগ্যতা (ছ) অভিজ্ঞতা (যদি থাকে) এবং (জ) মোবাইল নম্বর ইত্যাদি।

#### আবেদনের শর্তাবলী:-

১. প্রার্থীর শিক্ষাগত যোগ্যতা ন্যূনতম জেএসসি/সমমান পরীক্ষায় পাস হতে হবে;
২. আবেদনকারী প্রার্থীর বয়স (৩০/০৩/২০২০ খ্রিঃ তারিখে) ১৫-৪০ বৎসরের মধ্যে হতে হবে;
৩. আবেদন পত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্রাদি অবশ্যই সংযুক্ত করতে হবে:-  
(ক) শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত ফটোকপি (খ) সিটি কর্পোরেশন/পৌরসভা / ইউনিয়ন পরিষদ এর মেয়র/কাউন্সিলর/চেয়ারম্যান এর নিকট হতে নাগরিকত্ব সনদপত্রের কপি অথবা জাতীয় পরিচয়পত্র (এনআইডি) এর সত্যায়িত ফটোকপি (গ) সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙিন ছবি।
৪. খামের উপর “রেগুলার ইলেকট্রিশিয়ান কোর্স” লিখতে হবে।

#### প্রশিক্ষণ কোর্সটির বৈশিষ্টসমূহ:-

- ক) সম্পূর্ণ বিনা খরচে প্রশিক্ষণটি প্রদান করা হবে। অত্র কোম্পানীর সামাজিক দায়বদ্ধতা (সিএসআর) খাত হতে প্রশিক্ষণ কোর্সটির ব্যয় নির্বাহ করা হবে।
- খ) প্রশিক্ষণের সময়কাল ৩৬০ ঘন্টা। প্রশিক্ষণকালীন প্রশিক্ষণার্থীদের প্রয়োজনীয় প্রশিক্ষণ উপকরণ এবং খাবার সরবরাহ করা হবে।
- গ) প্রশিক্ষণ কোর্স সমাপনান্তে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বৈদ্যুতিক উপদেষ্টা ও প্রধান বিদ্যুৎ পরিদর্শক এর দপ্তর কর্তৃক গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদেরকে সনদপত্র প্রদান করা হবে, যার বিপরীতে ইলেকট্রিশিয়ান হিসাবে কাজ করার অনুমতি পাওয়া যাবে।
- ঘ) উপরিউক্ত প্রশিক্ষণ সফলভাবে সমাপ্ত ও কৃতকার্য প্রশিক্ষণার্থীদের মধ্যে হতে কর্মদক্ষতা ও কর্মনিপুণ্যতা বিবেচনায় পরবর্তীতে উচ্চতর প্রশিক্ষণ অর্থাৎ **ইন্ডাস্ট্রিয়াল ইলেকট্রিশিয়ান কোর্স-এ** অংশ গ্রহণের জন্য প্রার্থী নির্বাচন করা হবে। “ইন্ডাস্ট্রিয়াল ইলেকট্রিশিয়ান কোর্স”-শীর্ষক প্রশিক্ষণ সফলভাবে সমাপ্ত ও কৃতকার্য হলে ভবিষ্যতে দেশে/বিদেশে কর্মসংস্থানের ক্ষেত্রে তা সহায়ক হবে।
- ঙ) প্রথম ব্যাচে ৩০ (ত্রিশ) জন প্রশিক্ষণার্থী প্রশিক্ষণ গ্রহণ করবেন। আসন সংখ্যার চেয়ে যোগ্য আবেদনকারীর সংখ্যা বেশী হলে, সে ক্ষেত্রে আবেদনকারীদের জন্য প্যানেল প্রস্তুত করা হবে এবং পরবর্তী ব্যাচসমূহে অন্তর্ভুক্ত করা হবে।
- চ) নির্বাচিত প্রার্থীদেরকে গাজীপুর জেলার যে কোন স্থানে প্রশিক্ষণ প্রদান করা হবে।

বি: দ্র: প্রশিক্ষণ সংক্রান্ত বিষয়ে বিস্তারিত জানার জন্য **০২-৪৮৯৫৫৬৫০ ও ০১৭১৬-১৮৬২৮৬** নম্বরে যোগাযোগ করা যাবে।

(মোঃ ওয়াহিদুর রহমান)  
ডিজিএম (এইচআর ও এডমিন)  
বি-আর পাওয়ারজেন লিঃ।